দৈনিক জনকণ্ঠ



তারিখ ... ... ... MAR 07 2000
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি ॥ বাংলা দ্বিতীয় পত্রে সারা দেশে ১৮ শ বহিষ্কার

**জনকণ্ঠ রিপোর্ট ॥** এসএসসি বাংলা ২য় পত্র পরীক্ষায় সোমবার সারা দেশে ১ হাজার ৮৭০ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ৩৬৫, কুমিল্লায় ১৭৪, যশোরে ২৯২, রাজশাহীতে ১ হাজার এবং চট্টগ্রামে ৩৯ জন বহিষ্কৃত হয়েছে। দেশের গ্রামাঞ্চলের কেন্দ্রগুলোতে গণটোকাটুকি অব্যাহত রয়েছে। তবে কেন্দ্র বাতিল হতে পারে এই আশঙ্কায় অনেক জায়গায়ই স্থানীয় জনপ্রতিনিধিরা নকল রোধে নিজেরাই উদ্যোগ নিয়েছেন।

গলাচিপা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গলাচিপা বালিকা

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## এসএসসি ॥ বাংলা দ্বিতীয়

(প্রথম পাতার পর)

বিদ্যালয় কেন্দ্রে স্ত্রীর কাছে নকল দিতে গিয়ে হাবিব গাজী (২২) নামে এক যুবক গুরুতর আহত হয়েছে। জানা গেছে, নকল দিতে দেয়ালে উঠে নিচে পাকা রাস্তার ওপর পড়ে গেলে তার নাকমুখ থেঁতলে যায়। সে বুকেও মারাত্মক আঘাত পেয়েছে। সঙ্কটাপন্ন অবস্থায় তাকে স্পীডবোটে করে বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। আহত হাবিব গাজীর বাড়ি ডাকুয়া গ্রামে।